# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে খেলোয়াড় কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির সময়সূচী ও নির্দেশিকা

| ক্র: | বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ১. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ। | **০৫-১১-২০২২ থেকে ০৮-১১-২০২২ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত** |
| ২. | **অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য শিক্ষার্থীকে নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা দিতে হবে :**<br>(ক) অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (খ) এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল সনদপত্র এবং মার্কশীট/গ্রেডশীট (গ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে সংগৃহীত চিকিৎসা সনদপত্র (ঘ) খেলোয়ার কোটার জন্য খেলাধুলা সংক্রান্ত সনদপত্রের **মূল কপি। প্রত্যেকটির ১ (এক) সেট সত্যায়িত কপি প্রিন্টকৃত ভর্তির আবেদন ফরমের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি ও অনুষদের ডীন/পরিচালক-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে।** | **০৮-১১-২০২২ ও ০৯-১১-২০২২ তারিখ (সকাল ৯.৩০ থেকে বিকেল ৩.০০ টা পর্যন্ত)** |

**নির্দেশিকা :**

**খেলোয়াড় কোটায় ভর্তির ক্ষেত্রে :**

ক) নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির জন্য যোগ্য শিক্ষার্থীকে ভর্তির যাবতীয় ফি **নগদ অথবা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট** এর ব্যক্তিগত একাউন্ট থেকে জমা দিতে হবে। উপরোক্ত সকল ফি এর সাথে ২০/-(বিশ) টাকা মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

খ) academic.juniv.edu ওয়েবসাইট থেকে "**১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইন ভর্তি আবেদন**" লিংকে ক্লিক করে ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল) নম্বর দিয়ে লগইন করুন। এরপর "**আবেদন ফরম**" মেনুতে ক্লিক করে যে কোনো একটি পেমেন্ট মাধ্যম নগদ অথবা ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট নির্বাচন করে নির্ধারিত ফি প্রদান করার পর আবেদন ফরমটি আসবে। ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট এর ক্ষেত্রে ব্যক্তিগত রকেট একাউন্ট থেকে Biller ID ৩৪৩ তে নির্ধারিত ফি প্রদান করার পর প্রাপ্ত ট্রানজেকশন আইডি প্রদান করতে হবে।

গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি. ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র এবং নম্বরপত্র** (সকল সনদপত্র PDF/JPG ফরম্যাটে এবং ফাইল সাইজ ৮০০ KB এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে Submit করতে হবে।

ঘ) আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

**পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড :**

ঙ) এসএমএস পাওয়ার পর academic.juniv.edu ওয়েবসাইট থেকে পুনরায় লগইন করে **"আবেদন ফরম ডাউনলোড"** মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।

**বি:দ্র: নেটওয়ার্ক সমস্যা/অন্য কোন কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে যথাসময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।**

**DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপ:**

i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য ***৩২২#** ডায়াল করতে হবে।

ii) Bill Pay নির্বাচন করতে হবে।

iii) অতঃপর নিজের পেমেন্ট হলে 1. Self অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে 2. Other নির্বাচন করতে হবে। 2. Other নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।

iv) অতঃপর **0. Other** নির্বাচন করতে হবে। এরপর Biller ID হিসেবে **343** টাইপ করতে হবে।

v) Bill Number হিসেবে আবেদনকারীর **ভর্তি পরীক্ষার রোল নম্বর** টাইপ করতে হবে।

vi) Amount হিসেবে **নির্ধারিত আবেদন ফি** টাইপ করতে হবে।

vii) এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট PIN টাইপ করতে হবে।

viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।

**বি.দ্র.: খেলোয়াড় কোটায় ভর্তি নিশ্চিতকরণের পূর্বে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হতে হবে (সংযুক্ত-২ নমুনা অনুযায়ী)। ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংযুক্তি আকারে দেয়া হলো।**

**এই বিজ্ঞপ্তিতে কোন প্রকার ভুলক্রটি পরিলক্ষিত হলে পরবর্তীতে কর্তৃপক্ষ তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।**

স্বাক্ষরিত/-মো. আবু হাসান
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি

**সংযুক্তি-১**

**২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা :**

| Sl. No. | Admission Roll | Student's Name | Specialization | Department/ Institute | Admission Fee (TK.) |
|---|---|---|---|---|---|
| 1 | 4137753 | MD. ASHIQUR RAHAMAN SHIBLI | Cricket | Public Health & Informatics | 6409 |
| 2 | 3148497 | ASHRAFUL ISLAM SIAM | Cricket | International Relations | 6385 |
| 3 | 3137608 | MD. UDAY MAHMUD | Cricket | Archaeology | 6385 |
| 4 | 3114948 | TANVIR AHMED | Cricket | History | 6385 |
| 5 | 3120765 | ROBIUL HASAN | Football | History | 6385 |
| 6 | 5104671 | KAZI ZARIN TASNIM RAISA | Chess | Finance & Banking | 6385 |
| 7 | 2139498 | MD. ABU RAYHEN SHUVO | Athletics, Judo | Government & Politics | 6385 |
| 8 | 2103946 | FARDIN MOHAMMOD ARNOB | Athletics, Shooting | Economics | 6385 |

<u>**সংযুক্তি-২**</u>

# অঙ্গিকারনামা

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আমাকে খেলোয়াড় কোটায় ভর্তি করা হলে শারীরিক শিক্ষা অফিস কর্তৃক পরিচালিত সংশ্লিষ্ট খেলায় আমি অংশগ্রহণ করতে বাধ্য থাকবো। আমি আরো অঙ্গীকার করছি যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতীত বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত কোন প্রতিযোগিতায় যদি অংশগ্রহণ না করি তা হলে বিশ্ববিদ্যালয় যে কোন ব্যবস্থা গ্রহণ করলে আমার কোন আপত্তি থাকবে না।

স্বাক্ষর :

নাম :

বিভাগ :

সংশ্লিষ্ট খেলা :